

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৯, ২০১৭

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জীবন বীমা কর্পোরেশন  
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/৫ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৯-আইন/২০১৭।—Insurance Corporation Act, 1973 (Act No. VI of 1973) এর section 31 এ প্রদত্ত ক্ষমতাবলে জীবন বীমা কর্পোরেশনের বোর্ড অব ডাইরেক্টরস, সরকারের পূর্বানুমোদনক্রমে, জীবন বীমা কর্পোরেশন কর্মচারী (অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ১৯৮৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৫ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৫। তহবিলের অর্থ জমা, বিনিয়োগ, ইত্যাদি।—কমিটি, বোর্ডের অনুমোদন সাপেক্ষে, তহবিলের অর্থ এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে এবং এতদুদ্দেশ্যে কমিটি তহবিলের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোন রাষ্ট্রায়ত্ত্ব বা বেসরকারি ব্যাংকে স্থায়ী আমানতে, সঞ্চয়ী হিসাবে রাখিতে বা কোন লাভজনক সরকারি সিকিউরিটিতে বিনিয়োগ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, তহবিলের অর্থ বেসরকারি ব্যাংকে জমা রাখিবার ক্ষেত্রে সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠান অথবা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত সংস্থার অর্থ আমানত রাখিবার বিষয়ে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময় সময় জারীকৃত সর্বশেষ বিজ্ঞপ্তিতে নির্ধারিত সর্বোচ্চ সীমার মধ্যে সীমাবদ্ধ রাখিতে হইবে :

আরও শর্ত থাকে যে, কমিটি, বোর্ডের অনুমোদন সাপেক্ষে, প্রতি বৎসর এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অন্যান্য সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে একটি চলতি হিসাবে জমা রাখিতে পারিবে।”

বোর্ড অব ডাইরেক্টরস এর আদেশক্রমে

মোঃ ফরহাদ হোসেন  
ম্যানেজিং ডাইরেক্টর।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৪৫৩)

মূল্য : টাকা ৪.০০